গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১২৯ তারিখ: ১৪ বৈশাখ ১৪২৮
২৭ এপ্রিল ২০২১

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ** সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

**আজ ২৭ এপ্রিল ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯.০০ টা হতে সন্ধ্যা ০৬টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

দেশের অভ্যন্তরীণ নদী-বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই এবং কোন সংকেতও দেখাতে হবে না।

**২৭ এপ্রিল ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ**

**সিনপটিক অবস্থাঃ** লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে।

**পূর্বাভাসঃ** অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ দেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে, তবে রংপুর এবং সিলেট বিভাগের দু'এক জায়গায় বৃষ্টি/বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

**তাপ প্রবাহ:** ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, রংপুর, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের উপর দিয়ে মৃদু থেকে মাঝারী ধরনের তাপ প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশের দিনের এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** এই সময়ের শেষের দিকে বৃষ্টি/বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৯.৪ | ৩৭.৫ | ৩৯.৫ | ৩৮.৫ | ৩৯.৩ | ৩৭.৫ | **৩৯.৮** | ৩৭.৯ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৪.৫ | ২৩.৬ | ২৪.৫ | ২২.৫ | ২৪.৩ | **২১.৬** | ২৫.৫ | ২৬.১ |

**গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল যশোর ৩৯.৮° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ২১.৬° সেঃ।**
**(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)**

## অগ্নিকান্ডের তথ্যঃ

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৫ এপ্রিল,**

**২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২৬ এপ্রিল, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৪৭ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ**

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ১১ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ৪ | ১ | ০ |
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ২ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ৬ | ০ | ০ |
| ৬। | রংপুর | ৬ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ৭ | ০ | ০ |
| ৮। | খুলনা | ১১ | ০ | ০ |
| | **মোট** | **৪৭** | **১** | **০** |

## উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য)

**১। ময়মনসিংহঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফানে জানান যে, গতকাল (২৬/০৪/২০২১ খ্রিঃ তারিখ) দুপুর ০৩.৪৮ ঘটিকায় তারাকান্দা, সাধুপাড়া, সবজিপাড়া, ময়মনসিংহ সদর এলাকায় একটি কয়েল তৈরীর কাঁচামালের কারখানায় বৈদ্যুতিক গোলযোগে অগ্নিকান্ডের ঘটনা ঘটে। খবর পেয়ে ফায়ার সার্ভিসের অগ্নিনির্বাপনের ২ টি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে বিকাল ০৫.১০ ঘটিকায় আগুন নিয়ন্ত্রণে আনে। এ অগ্নিকান্ডের ঘটনায় আয়েশা খাতুন (৪৯) নামের একজন আহত হয়।

## <u>দুর্যোগ ব্যবস্হাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ত্রাণ কার্যক্রমঃ</u>

১। অদ্য ২৭/০৪/২০২১ তারিখে ১২০ নং স্মারকের মাধ্যমে দুর্যোগ ব্যবস্হাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে সাম্প্রতিক প্রচন্ড গরমের কারণে ফসলের ব্যাপক ক্ষতি সাধিত হওয়ায় ক্ষতিগ্রস্থ প্রান্তিক চাষীদের মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত ১৩ টি জেলার অনুকূলে নিম্নরুপ বরাদ্দ প্রদান করা হয়েছে।

| ক্রঃ নং | জেলার নাম | বরাদ্দের পরিমাণ (টাকা) |
|---|---|---|
| ০১ | নেত্রকোনা | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা |
| ০২ | কিশোরগঞ্জ | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা |
| ০৩ | গোপালগঞ্জ | ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা |
| ০৪ | সিরাজগঞ্জ | ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা |
| ০৫ | ময়মনসিংহ | ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা |
| ০৬ | গাইবান্ধা | ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা |
| ০৭ | রাজশাহী | ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা |
| ০৮ | চাঁপাইনবাবগঞ্জ | ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা |
| ০৯ | নাটোর | ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা |
| ১০ | নওগাঁ | ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা |
| ১১ | যশোর | ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা |
| ১২ | রংপুর | ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা |
| ১৩ | লক্ষীপুর | ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা |
| | **মোট =** | **১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা** |

২। ২৫/০৪/২০২১ তারিখে ১১৮ নং স্মারকের মাধ্যমে দুর্যোগ ব্যবস্হাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কালবৈশাখী/ঘূর্ণিঝড় কোভিড-১৯/বন্যাসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় আগাম প্রস্তুতি হিসেবে ৬৪ জেলার অনুকূলে নিম্নরুপ বরাদ্দ প্রদান করা

হয়েছে।

| ক্রঃ | খাতের নাম | বরাদ্দের পরিমাণ (নগদ অর্থ) |
|---|---|---|
| ০১ | বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে মানবিক সহায়তা বাবদ (৬৪ জেলার অনুকূলে ) | ৬,৯২,০০,০০০/- |

২৭-৪-২০২১
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল:
controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১২৯/১(১৭০)

তারিখ: ১৪ বৈশাখ ১৪২৮ / ২৭ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯) জেলা প্রশাসক (সকল)
১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)

২৭-৪-২০২১
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা